

▶ ভিডিও

👤 সাক্ষাৎকার

▶ ভিডিও

---

## উচ্চশিক্ষা

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে পাণ্ডুলিপিবিষয়ক কর্মশালা ও সেমিনার শুরু

নিজস্ব প্রতিবেদক ঢাকা

---

ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগারের উদ্যোগে পাণ্ডুলিপিবিষয়ক তিন দিনব্যাপী এক কর্মশালা ও সেমিনার আজ বুধবার শুরু হয়েছে। আজ গ্রন্থাগারের ই-জোনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ কর্মশালা ও সেমিনারের উদ্বোধন করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত গ্রন্থাগারিক অধ্যাপক মো. নাসিরউদ্দিন মুন্সীর সভাপতিত্বে এতে কলা অনুষদের ডিন অধ্যাপক আবদুল বাছির বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

সেমিনারে ‘ফারসি পাণ্ডুলিপির পরম্পরা ও বাংলাদেশ’ শীর্ষক মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ফারসি ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মো. মুমিত আল রশিদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন উপগ্রন্থাগারিক (রিসার্চ) শাহীন সুলতানা।

এ কর্মশালার মাধ্যমে শিক্ষার্থীদের পাণ্ডুলিপিবিষয়ক জ্ঞান ও দক্ষতা আরও বাড়বে বলে আশা প্রকাশ করেন বক্তারা। এ কর্মশালায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭টি বিভাগের ৫০ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেন। বিজ্ঞপ্তি



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো